আমানত রক্ষা করা আমাদের সকলের নৈতিক দায়িত্ব

ان الله يأمركم ان تؤدوا الامنت الى اهلها।

অনুবাদঃ নিশ্চয় আল- াহ পাক তোমাদেরকে আদেশ করেছেন, যেন তোমরা আমানত সমূহ তার অধিকারীগণকে ফেরত দিয়ে দাও। (সূরায়ে নিসাঃ ৫৮)

পূর্ববর্তী আয়াতের সাথে সম্পর্কঃ-

এ সম্পর্কে ইমাম রাজী রহ. লিখেছেন- পূর্ববর্তী আয়াতে কাফেরদের অবস্থা এবং তাদের শাস্ড়ির কথা ঘোষণা করা হয়েছে। আর এই আয়াত থেকে মুসলমানদের উদ্দেশ্যে বিভিন্ন বিধি-নিষেধের বিবরণ শুর" হয়েছে। দ্বিতীয়তঃ পূর্ববর্তী আয়াতে বর্ণিত হয়েছে যে, আহলে কিতাবরা সত্যকে গোপন করেছে যখন তারা কাফিরদের উদ্দেশ্যে বলেছে- মুমিনদের চেয়ে কাফেররাই অধিকতর হেদায়ত প্রাপ্ত। তাই আল- াহ পাক এই আয়াতে মুমিনদেরকে আমানত আদায়ের নির্দেশ প্রদান করেছেন। আর এই আমানতের কথা সববিষয়েই প্রযোজ্য। ধর্মীয় ব্যাপারে হতে পারে, অন্যান্য ব্যাপারেও হতে পারে। তৃতীয়তঃ যেহেতু পূর্ববর্তী আয়াতে যারা ঈমানদার এবং নেক আমলকারী, তাদের জন্য অশেষ সওয়াবের কথা ঘোষণা করা হয়েছে। আর আমানত আদায় করা বা আমানতদারী হল অত্য"ড় বড় নেক আমল। তাই আলোচ্য আয়াতে আমানত আদায়ের গুণ অর্জনের তাগিদ করা হয়েছে।

শানে নুযূলঃ হযরত আব্দুল- াহ ইবনে আব্বাস রা.'র কথার উদ্বৃতি দিয়ে ইবনে মারদুবিয়া রহ. থেকে বর্ণিত আছে- হযরত রাসূলুল- াহ সা. যখন মক্কা বিজয়ের দিন কা'বা ঘরে প্রবেশ করার ইচ্ছা করেন, তখন কা'বা শরীফের তৎকালীন চাবি রক্ষক উসমান ইবনে তালহাকে চাবি দিতে বলেন। উসমান তাতে অস্বীকৃতি জানান। তখন হযরত আলী রা. বলপূর্বক তার নিকট থেকে চাবি নিয়ে নেন। এবং কা'বা শরীফের দরজা খুলে দেন। প্রিয় নবীজী সা. কা'বা শরীফের অভ্য"ড়রে দু'রাকাত নামায আদায় করেন। কা'বা শরীফের ভিতর থেকে বের হলে হযরত আব্বাস রা. চাবি তাকে দিতে অনুরোধ করেন। এমন সময় আলোচ্য আয়াত নাযিল হয়। তখন প্রিয় নবী সা. চাবি উসমান ইবনে তালহাকে প্রদান করেন। এবং হযরত আলী রা.কে উসমান ইবনে তালহার নিকট ক্ষমা প্রার্থী হওয়ার নির্দেশ দান করেন।

ব্যাখ্যাঃ- উক্ত আয়াতে আল- াহ পাক মুমিনদেরকে আমানত রক্ষার বিশেষ নির্দেশ দান করেছেন। যদিও এই আয়াত উসমান ইবনে তালহার পক্ষে তাকে কা'বা শরীফের চাবি প্রদান সম্পর্কে নাযিল হয়েছে, কিন্তু সর্বপ্রকার আমানত রক্ষার বিশেষ তাগিদ রয়েছে। একথা বলাবাহুল্য যে, মানুষের সম্পর্ক তিন প্রকার।

(এক) মানুষের সম্পর্ক তার সৃষ্টিকর্তা, পালনকর্তা আল- াহ রাব্বুল আলামীনের সঙ্গে।

(দুই) মানুষের সম্পর্ক অন্যান্য সকল বান্দার সঙ্গে।

(তিন) মানুষের সম্পর্ক তার নিজের সঙ্গে।

আমানত রক্ষার বিষয়টি সকল সম্পর্কের সাথেই সম্পৃক্ত রয়েছে। এবং সর্বক্ষেত্রে আমানতের হেফাজত ও আমানত আদায় করতে হয়।

(এক) স্রষ্টা ও পালনকর্তা আল- াহ পাকের সঙ্গে আমানত আদায়ের তাৎপর্য হল- আল- াহ পাকের যাবতীয় আদেশ পালন করা। এবং তার নিষিদ্ধ কাজসমূহ বর্জন করা। এটি এমন একটি বিষয় যা সমুদ্রতুল্য। যার কোন কূল-কিনারা নেই। এজন্য হযরত আব্দুল- াহ ইবনে মাসউদ রা. বলেছেন- প্রত্যেকটি লোককেই প্রতিটি ব্যাপারেই আমানত রক্ষা করা অপরিহার্য কর্তব্য। অজু-গোসল-নামায-যাকাত-রোজা প্রভৃতি আমানত স্বরূপ। মানুষের বাকশক্তি আল- াহ পাকের নিয়ামত এবং মানুষের নিকট আমানত স্বরূপ। তাই মিথ্যা কথা না বলা, পরচর্চা না করা, চোগলখোরী না করা, কুফর-শিরকের কথা না বলা, অশ- ীল কথা না বলা, এসবই হল বাকশক্তির আমানত রক্ষা করা। চক্ষু আল- াহ তা'য়ালার একটি নেয়ামত এবং বান্দার নিকট আমানত। যা দেখা আল- াহ হারাম করেছেন, তা না দেখা হল এই আমানত রক্ষা করা। এমনিভাবে শ্রবনশক্তি মানুষের প্রতি একটি নেয়ামত এবং আল- াহর আমানত। অতএব, গান-বাজনা শ্রবন না করা, অশ- ীল মিথ্যা কথা শ্রবন না করা হল তার আমানত রক্ষা করা।

(দুই) বান্দার সাথে বান্দার সম্পর্কের আমানত প্রসঙ্গঃ-

এ পর্যায়ে সকল বিষয়েরই আমানত তার মধ্যে অন্ড়র্ভূক্ত রয়েছে। যেমন- মানুষকে ওজনে কম না দেওয়া, ব্যবসায়ের ক্ষেত্রে প্রতারণা না করা। শাসনকর্তাদের জন্য অধীনস্ড় লোকদের

প্রতি সুবিচার কায়েম করা। আলেম সমাজের কোন ব্যাপারে মানুষকে বিভ্রান্ড় না করা। তাদেরকে সত্যের দিকে আহবান করা। স্ত্রীর প্রতি স্বামীর এবং স্বামীর প্রতি স্ত্রীর কর্তব্য যথাযথভাবে পালন করা। মোট কথা প্রত্যেকটি ব্যাক্তি অন্য ব্যাক্তির সার্বিক কল্যাণ কামনা করা। এবং তার অকল্যাণ থেকে বিরত থাকা।

(তিন) মানুষের সাথে তার নিজের সম্পর্ক:-

এসম্পর্কে প্রতিটি মানুষের উপর আমানত হল- তার নিজের জন্য এমন কোন কর্মপন্থা গ্রহণ না করা, যা তার জন্য ক্ষতিকর হয়! মানুষ অনেক সময় ক্রোধের বশীভূত হয়ে অথবা ভোগের নেশায় এমন কাজ করে বসে, যা তার দুনিয়া আখেরাত উভয় জাহানের জন্য ক্ষতিকর হয় এমন ক্ষতিকর কাজ থেকে আত্মরক্ষা করা। এবং যা দুনিয়া আখেরাত উভয় জাহানের জন্য উপকারী হয় তা করা প্রতিটি মানুষের প্রতি তার নিজের জন্য আমানত।

পবিত্র কুরআনে আল- াহ পাক আমানত আদায়ের প্রতি অপরিসীম গুর ত্ব আরোপ করেছেন। আল- াহ পাক রাব্বুল আলামীন অন্যত্র ইরশাদ করেন- "নিশ্চয়ই আমি আমানত রেখেছি আসমান-জমিনের উপর এবং পাহাড়ের উপর। অত:পর তারা আমানত বহনে অক্ষমতা প্রকাশ করেছে এবং ভয় করেছে। আর মানুষ সেই আমানত বহন করেছে।" আল- াহ পাক আরও ইরশাদ করেন- "জীবন সাধনায় তারাই সফলকাম হয়েছে, যারা তাদের আমানত এবং অঙ্গিকার রক্ষা করেছে।" অন্য আয়াতে আল- াহ পাক বলেন- "হে মুমিনগণ! তোমরা তোমাদের আমানতে খেয়ানত করোনা।"

প্রিয় নবী সা. প্রতিটি মানুষকে তার প্রতি অর্পিত কর্তব্য পালনের তথা আমানত আদায়ের তাগিদ করে বলেছেন। ৮। كلكم راع وكلكم مسءول عن رعيته তোমাদের প্রত্যেকেই দায়িত্ববান, আর প্রত্যেককেই তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। প্রিয় নবীজী সা. আমানত আদায়ের বিশেষ তাগিদ দিয়ে ইরশাদ করেন- "যার মধ্যে আমনতদারি নেই, তার ঈমানও নেই"

আলোচ্য আয়াতের তাফসীরে আল- ামা ইবনে কাসীর রহ. লিখেছেন- আয়াতে নামায, রোজা, যাকাত, কাফফারা, মান্নত প্রভৃতি তথা আল- াহ পাকের তরফ থেকে বান্দার প্রতি সকল দায়িত্ব অন্ড়র্ভূক্ত রয়েছে। এমনিভাবে মানুষের প্রতি মানুষের যাবতীয় দায়িত্বও এই আয়াতের মধ্যে শামিল রয়েছে। যেমন- কারো প্রদত্ব আমানত সঠিক পন্থায় আদায় করা। অতএব, যে ব্যক্তি কারো কোন হক্ব আদায় না করবে, কিয়ামতের দিন তাকে তার জন্য পাকড়াও করবে। যেমন হাদীসে উলে- খ আছে- কিয়ামতের দিন প্রত্যেক হক্বদারকে তার হক্ব দেওয়া হবে। এমনকি কোন শিং বিশিষ্ট বকরী যদি অন্য বকরীকে আঘাত করে থাকে, তবে কিয়ামতের দিন তারও বদলা লওয়া হবে।

হযরত উবাই ইবনে কা'ব রা. বর্ণনা করেন- এই আয়াতের বিধান অনুযায়ী প্রতিটি স্ত্রীলোক তার সতিত্ব রক্ষার আমনতদার। হযরত যায়েদ ইবনে ছাবিত রা. বর্ণনা করেন- আমি প্রিয় নবী সা.কে বলতে শুনেছি- সর্বপ্রথম আমানতকে উঠিয়ে নেওয়া হবে। আর শেষ পর্যন্ড় শুধু নামায বাকি থাকবে। আর এমন অনেক নামাযী হবে যে, তার মধ্যে কোন কল্যাণ পরিলক্ষিত হবেনা।

ইমাম বায়হাকী রহ. উলে- খ করেছেন- তিনটি বিষয় এমন যা ভাল মন্দ সকলকে আদায় করতে হয়।

(এক) আত্মীয়তার সম্পর্ক বজায় রাখতে হবে। আত্মীয় ভাল হোক বা মন্দ হউক!

(দুই) আমানত আদায় করতে হবে। যার আমানত, সে নেককার হোক বা বদকার হোক।

(তিন) অঙ্গীকার রক্ষা করতে হবে । যার সঙ্গে অঙ্গিকার করা হয়, সে নেককার হোক বা বদকার হোক।

দারসুল হাদীস

হারাম বর্জন, সর্বাধিক নেকী অর্জন

মাও. আলাউদ্দীন মাটিহানি

عن ابى هريرة قال قال رسول الله اتق المحارم تكن اعبد الناس وارض بما قسم الله لك تكن اغنى الناس و احسن الى جارك تكن مسلماً واحب للناس ما تحب لنفسك ولا تكثر الضحك فان كثرة الضحك تموت القلب

অনুবাদ: হযরত আবু হুরায়রা রা. বলেন যে, একবার নবীজী সা. বসা ছিলেন, বলতে লাগলেন- আমি পাঁচটি কথা বলবো, কে আছ যে, ঐ পাঁচটি কথাকে স্মরণ রাখবে এবং কথা অনুযায়ী আমল করবে। এবং অন্যকে বলে দিয়ে আমল করাবে? হযরত আবু হুরায়রা রা. বলেন যে, আমি বললাম আমি একাজ করবো হে আল- াহর রাসূল! তখন নবীজী নিজ আঙ্গুলে গুণে একথাগুলো বলতে লাগলেন-

(১) তুমি হারাম কাজ থেকে বেঁচে থাকো। তাহলে সকলের মধ্য থেকে তুমি বেশি এবাদতকারী হতে পারবে।

(২) আল- াহ পাক তোমার ভাগ্যে যা কিছু লিখে রেখেছেন তার উপর তুমি সন্তুষ্ট থাক, তাহলে তুমি সমস্ড় দুনিয়ার

লোকদের মধ্যে থেকে গনী-ধনাঢ্য হতে পারবে।

(৩) তোমার প্রতিবেশীর সাথে উত্তম ব্যবহার কর, তাহলে তুমি মুসলমান হতে পারবে।

(৪) অন্যের জন্যে ঐটিকে পছন্দ কর যা নিজের জন্যে পছন্দ কর বা চাও।

(৫) এবং অধিক হাসিবে না, কেননা অধিক হাসির কারণে অন্ড়র মরে যায়।

(আবু দাউদ শরীফ)

এবাদতকারী কি করে হওয়া যায়:-

রাসূল সা. বলেন- তুমি (তোমরা) হারাম কাজ থেকে বিরত থাকো, তাহলে সর্বাধিক এবাদতকারী হতে পারবে। এ বাক্য দ্বারা নবীজী সুস্পষ্ট জানিয়ে দিলেন যে, ফরজ ও ওয়াজিব আদায়ের পর সবচেয়ে গুর"ত্বপূর্ণ বিষয় হচ্ছে নাজায়েয ও হারাম কাজ বর্জন করা। নফল এবাদাত এর স্ড়র হবে তারপরে। তাই যে ব্যক্তি হারাম কাজ বর্জন করে থাকে, তার নফল এবাদত না থাকলেও সে অধিক এবাদতকারী বলে গন্য হবে।

নফল এবাদত মুক্তির জন্য:-

উলে- খিত বাক্য দ্বারা নবীজী সা. একটি বৃহৎ ভুলধারণা খন্ডন করে দিলেন, তা এই যে মানুষ অনেক সময় নফল এবাদতকে গুর"ত্ব দিয়ে থাকে। যেমন- নফল রোজা, নফল নামায, তিলাওয়াত এবং আরও অনেক কিছু। এগুলো তো মুলত: ভাল কাজ; তবে তা হচ্ছে নফল, ফরজ নয়। এগুলোকে অনেক গুর"ত্ব দিয়ে পালন করা হয়; কিন্তু হারাম ও নাজায়েয থেকে বিরত থাকা হয় না। হারাম থেকে বাঁচার কোন গুর"ত্ব নেই। মনে রাখতে হবে যে, নফল এবাদাত মুক্তি ও নাজাতের জন্য যথেষ্ট নয় যতক্ষণ মানুষ হারাম না ছাড়বে। হারামে লিপ্ত হওয়া হচ্ছে মারাত্মক গোনাহ।

গোনাহের উপমা:-

নফল এবাদত চালিয়ে হারাম থেকে না বাচার উপমা হচ্ছে যেমন- কেহ আরাম করার জন্য ঘরে এয়ারকন্ডিশন চালু করলো। কিন্তু দরজা জানালা খুলা রাখলো। এতে করে একদিকে ঠান্ডা আসছে, অপরদিকে চলে যাচ্ছে। বা একদিক দিয়ে গরম আসছে। তাই এয়ারকন্ডিশন চালানোর কোন উপকার নেই, যেহেতু দরজা খোলা। উপকার পেতে হলে এক দিকে এয়্যারকন্ডিশন চালু করবে। অপরদিকে দরজা জানালা বন্ধ রাখবে। তেমনি ভবে তিলাওয়াত, নফল নামায ইত্যাদির কন্ডিশন চালু করলো, সাথে সাথে হারামের দরজা খোলা রাখলো, তাহলে নফল এবাদতের উপকার অর্জিত হবে কি করে?

হাদীসটিতে রাসূল সা. গুর"ত্বপূর্ণ দু'টি মৌলিক বিষয়ের দিক নির্দেশনা দিয়েছেন-

(১) دفع مضرت (ক্ষতির কারণ ও বস্তুকে পরিত্যাগ করা)

(২) جلب منفعت(উপকারী বস্তু ও কারণকে গ্রহণ করা)

হাদীসের ৫টি কথার মধ্যে ১ম ও ৫ম টির প্রথমাংশে دفع مضرت এর প্রতি ইঙ্গিত করে বলেন হারাম থেকে ও অত্যাধিক হাসি থেকে বিরত থাকো। কেননা এ দু'টিই ক্ষতির কারণ। মধ্যের ৩টিতে جلب منفعت তথা উপকার অর্জনের দিক নির্দেশনামূলক কথা বলেছেন।

তাই হারাম কাজ বর্জন করতে হবে। তাহলে এবাদতের উপকার সঠিক ভাবে অর্জিত হবে। যেমনিভাবে ডাক্তার রোগ নিরাময়ের জন্য দু'টি ব্যবস্থা দেয়-

(১) ঔষধ সেবন করা।

(২) ক্ষতিকর ও নিষিদ্ধ বস্তু বর্জন করা। ঔষধের উপকার তখনই হবে, যখন নিষিদ্ধ বস্তু পরিত্যাগ করবে। তাই রাসূল সা. এমনই ব্যবস্থা দিয়েছেন যে, প্রথমে হারাম কাজ ত্যাগ কর অত:পর যদি নফল এবাদত বেশী নাও করতে পার, তা সত্ত্বেও তোমাকে অধিক এবাদতকারী হিসেবে গন্য করা হবে। তার উপমা এমন যে, মনে কর এক ব্যক্তি রোজা, তিলাওয়াত, জিকির ইত্যাদি করে কিন্তু তার সাথে গোনাহ ও করতে থাকে। অপর এক ব্যক্তি যে জীবনে একটি নফল এবাদত করেনি; কিন্তু জীবন ভর একটি গোনাহও করেনি, তাহলে উভয়ের মধ্যে ঐ দ্বিতীয় ব্যক্তিই উত্তম হবে, যে কোন গোনাহ করেনি। হাশরে তাকে নফল এবাদত সম্পর্কে জিজ্ঞাসা করা হবেনা। গোনাহ কেন করা হল, তা জিজ্ঞেস করা হবে। কোরআনে বলা হয়েছে- من يعمل مثقال ذرة شرًايره একটি হাদীসে এসেছে যে, এক সময় নবীজীর মজলিসে দু'জন মহিলার আলোচনা চলছিল। এক মহিলা অধিক পরিমাণে এবাদত করতো। নফল আদায় করতো, কিন্তু বদ জবান ছিল। কথা-বার্তায় প্রতিবেশীদেরকে কষ্ট দিত। অপর মহিলা কেবল ফরজ ওয়াজিব সুন্নত পালন করতো, নফল আদায় করতো না; কিন্তু জবান খুবই মিষ্ট ছিল। কাউকে কষ্ট দিত না। তার প্রতিবেশীরা তার ব্যবহারে মুগ্ধ ছিল। নবীজী সা. বলেন- ঐ দ্বিতীয় মহিলা হচ্ছে উত্তম।

পূর্বে উলে- খ করেছি যে, আমাদের প্রত্যেকের অন্ড়রে নফল এবাদতের গুর"ত্ব ও আবেগ রয়েছে। কিন্তু গোনাহ থেকে বেঁচে থাকার কোন গুর"ত্ব ও চিন্ড়া আমাদের নেই। কোন কোন গোনাহের কাজকে গোনাহ জানলেও লিপ্ত থাকি। আবার অনেক গোনাহকে গোনাহই মনে করিনা, মনের আবেগে-খাহিসের তাড়নায় গোনাহ করে ফেলি। অথচ গোনাহ হচ্ছে র"গের মত। রোগকে রোগ মনে করে চিকিৎসার ব্যবস্থা করতে হয়। তেমনি গোনাহকে ক্ষতিকর মনে করে বাঁচার ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনেক গোনাহ থেকে আমরা বেঁচে থাকি, যেমন- চুরি করা, জিনা করা ইত্যাদি। আরও কিছু গোনাহ রয়েছে যেগুলোকে স্বাভাবিক মনে করে থাকি। অহরহ গোনাহে লিপ্ত যেমন- অন্যের গিবত করা, নিন্দা করা, সমালোচনা কর। এগুলোতে মানুষ

অহরহ লিপ্ত। দু চারজন এক জায়গায় একত্রিত হলেই গিবত নিন্দা ও সমালোচনায় বিভুর হয়ে পড়ে। কেবল শুনে শুনেই অন্যের সমালোচনায় মেতে উঠে যা বাস্ড়বে মিথ্যাও হতে পারে। শুনা কথাকে যাচাই না করেই সমালোচনা করে গোনাহের পাহাড় করে নিচ্ছে। অথচ হাদীসে রাসূল সা. বলেন- كفى بالمرء كذبا ان يحدث بكل ما سمع - শুনা কথা যাচাই না করে অন্যের নিকট বলা ও সমালোচনায় লিপ্ত হওয়া মিথ্যুক হওয়ার জন্য যথেষ্ট। অর্থাৎ কোন কথা কেবল শুনেই সমালোচনাকারী মিথ্যুক হয়ে যায়। এ জাতীয় গোনাহ সর্বস্ড়রে বহুল প্রচলিত। মানুষ বলে যে, আমি তো সুদ খাচ্ছি না, হারাম খাচ্ছি না, জোয়া খেলছিনা, পরহেজগারী দেখায়, অথচ অন্যের গিবত ও নিন্দা সমালোচনা করে নেকী নষ্ট করছে যা ঠেরও পাচ্ছে না। এবং যার দায়িত্ব নিয়ে, সময় নিয়ে কাজ করছে তার যে সময় নষ্ট করে নিন্দায়, সমালোচনায় সময় কাটায়, এ সময়ের বেতন, ভাতা তার জন্যে কেমন করে হালাল হবে? তা কি একবারও ভাবা হচ্ছে? তেমনি বিক্রেতা এক কোম্পানীর মালকে ধোকা দিয়ে উন্নত কোম্পানীর দাবী করে মাল বিক্রয় করছে, মিথ্যা প্রলোভন দিয়ে হারাম টাকা উপার্জন করছে, আবার বলছে হারাম খাচ্ছি না, তা কি ভাবা হচ্ছে? সুতরাং اتق المحارم تكن اعبد الناس বলে প্রকৃত এবাদতের রূপরেখা দিয়েছেন। এবাদত শুধু রাতে উঠে নফল নামাজ পড়া, নফল রোজা রাখাকে বলেনা; বরং সাথে হারাম কাজ বর্জন করে চলতে হবে। তাহলে অধিক এবাদতকারী গণ্য হবে। বিশেষত: কথ্য অনেক বিষয় যা হারাম, যার মধ্যে অনেক লোক লিপ্ত, জবান ও চোখের অনেক গোনাহ রয়েছে, যা অনাকাঙ্খিত ভাবেও হয়ে যায়। জবান হচ্ছে একটি চামচের মতো, চামচ দিয়ে যেভাবে তরকারী ভাল হোক কিংবা মন্দ হোক, পাত্র থেকে উটানো হয়, তেমনি দিল থেকে জিহবা দিয়ে অনেক ভাল-মন্দ কথা, নিন্দা ইত্যাদি করা হয়। অপর একটি হাদীসে নবীজী সা. বলেন- মানুষকে তার মুখ নিচের দিকে ও পা উপর দিকে দিয়ে জিহবার উপর ভর করে জাহান্নামে নিক্ষেপ করা হবে কেবল মুখের কথা; নিন্দা; ইত্যাদির কারণে। তাই উচিৎ হচ্ছে যেন যথায় তথায় গিবত, নিন্দা, মিথ্যা কথা না বলি। এগুলো হচ্ছে জগন্যতম হারাম।

হাদীসের ২য় কথাটির ব্যাখ্যা:-

রাসূল সা. বলেন- আল- াহ পাক তোমার ভাগ্যে যা নেয়ামত লিখে রেখেছেন, তার উপর তুমি সন্তুষ্ট থাকো। যদি তুমি আল- াহর বন্টিত অংশের উপর সন্তুষ্ট থাক, তাহলে তুমি সর্বাধিক গণী হয়ে যাবে। এখানে আরবী শব্দ غنى ব্যবহার করেছেন। যার অর্থ মালদার, ধনাঢ্য। তবে غنى শব্দের প্রকৃত অর্থ ধনাঢ্য বা মালদার নয়। তার প্রকৃত অর্থ হচ্ছে কারো মুহতাজ বা মুখাপেক্ষী না হওয়া। যার নিকট সব প্রয়োজনীয় আসবাব রয়েছে, সে কারো মুখাপেক্ষী হয় না। এধরণের লোককেই غنى (গনী) বলা হয়। অপর এক হাদীসে বলেন- ليس الغنى عن كثرة العرض ولكن الغنى غنى النفس প্রকৃত ধনী হচ্ছে আত্মার ধনী, অর্থাৎ মাল সম্পদের প্রাচুর্যতায় ধনী হয় না; প্রকৃত ধনী হচ্ছে যে অল্পে তুষ্ঠ হয়ে মনে করবে আমার জন্য ইহাই যথেষ্ট। কারণ ক্ষুধার সময়তো টাকা বা স্বর্ন আহার করা যায় না, টাকায় নিদ্রা দেয় না; বরং টাকা ওয়ালারা বেশী পেরেশানীতে লিপ্ত থাকে। তাই যার আত্মা প্রশান্ড়ি লাভ করে অল্পে তুষ্ঠ থাকে, সেই হচ্ছে মালদার, ধনী। তাই প্রকৃত ধনীর জন্যে নবীজী দু'টি উপদেশ দিচ্ছেন-

১) অল্পে তুষ্ঠ থাকো।

২) رضاء بالقضاء তাকদীরের উপর সন্তুষ্ট থাকা। এর দ্বারাই প্রকৃত বরকতের অধিকারী হওয়া যায়। কারণ দুনিয়ার সব চাহিদা তো কখনই পূরণ হয়না। প্রতিদিনই নতুন নতুন চাহিদা বাড়তে থাকে। চাহিদার কোন শেষ নেই। গাড়ী, বাড়ী, ব্যাংক ব্যালেন্স, জমী, অট্টালিকা, বিমান, চিরদিনের রাজত্ব সহ কতই চাহিদা থাকে। সব কি জগতে কারও পক্ষে পূর্ণ হচ্ছে? চাহিদার রয়েছে দু'টি দিক-

১) শত চাহিদা জীবনেও পুরণ হয়নি, এজন্য হতাশায় ভোগতে থাকা যে আমার অনেক চাওয়া পূর্ণ হলো না। এই হলো না, সেই হলো না, হায় হায়.....। হতাশ করবে কত। তাক্বদীরের অংশের বেশী তো কোনো ভাবেই মিলবেনা। তাই হতাশা বর্জন করো বা না করো, তাকদীরের অংশে বাড়তি কমতি হবে না।

২) যা পাওয়া যাচ্ছে, অল্প হলেও খুশি মনে গ্রহণ করে তুষ্ঠ থাকা। আল- াহর ফয়সালার উপর সন্তুষ্ট থাকা। এটা ছাড়া তো কোন উপায়ই নেই। তাই অল্পে তুষ্টি বরকতের চাবিকাঠি।

মাল-সম্পদ উপার্জনের পথ ও পদ্ধতি:-

মাল-সম্পদ উপার্জন হচ্ছে একটি এবাদত। তবে তার জন্য রয়েছে ৩টি মৌলিক শর্ত-

১) মাল-সম্পদ উপার্জনে যেন কোন ভাবেই না জায়েয পন্থা ও সময় অপচয় না হয়। অর্থাৎ হারাম পদ্ধতি ও অন্যায় সময় (যে সময়টি অন্যের কাজের জন্য নির্ধারিত) দ্বারা যেন সম্পদ উপার্জন হয় না।

২) পূঁজি ও লভ্যাংশ উভয়টি যেন হালাল ও জায়েয হয়।

৩) নিয়মিত পরিমিত সময় দেওয়া, এমন নয় যে, সকাল থেকে বিকাল প্রত্যহ লেগেই থাকা। যাতে এমন লোভ হয় যে, উপার্জন হয়েছে, আরও হতো, আরোও হতো, এভাবে লোভে পড়ে থাকা, এধরনের সময় দিয়ে ঝাক বেধে থাকা ঠিক নয়। এবাদতে সময় দিতে

হবে। শরীরের ও আত্মীয়েরও হক্ব রয়েছে, তাতেও সময় দিতে হবে। টাকা পয়সা সম্পদ হচ্ছে মানুষের খাদিম। তাকে মাখদুম বানানো ঠিক নয়। তার পিছনে জীবন দিয়ে স্বাস্থ্য নষ্ট করা ঠিক নয়।

শিক্ষনীয় ঘটনা:-

শেখ সা'দী রহ.'র গুলেস্ড়াঁ কিতাবে একটি ঘটনা লিখেছেন যে, আমি এক সময় সফর করে একটি শহরে এক ব্যবসায়ীর ঘরে মেহমান হলাম। সে ব্যবসায়ী ছিল অনেক বিত্তবান, সম্পদশালী। তার বয়স ছিল প্রায় ৭০ বৎসর। খানা খেতে তার সাথে বসে আলোচনা করছিলাম, আমি বললাম যে, ভাই আল- াহ পাক তো আপনাকে অনেক মাল দৌলত দান করেছেন, এখন আপনার কী উদ্দেশ্য রয়েছে? সে বললো- আমি দুনিয়াতে অনেক দেশ সফর করেছি, আল- াহ আমাকে অনেক কিছু দিয়েছেন, তবে এখন আমার একটি কামনা রয়েছে যে, আমি সর্বশেষ বাণিজ্যিক ভ্রমণ করতে চাই। তারপর নিজ স্থানে শেষ জীবন কাটাবো। আমি বললাম- শেষ ভ্রমণ কোন দেশে করতে চাও। সে বলল যে, আমি ইরান থেকে গন্দক ক্রয় করে চীন গিয়ে চিনা মাটির বর্তন ক্রয় করে ঐ বর্তন র"ম দেশে বিক্রয় করে র"মের রেশম খরীদ করে হিন্দুস্থানে বিক্রয় করবো। আর হিন্দুস্থান থেকে লোহা খরীদ করে হাল্বে বিক্রয় করবো, আর হাল্বের আয়না খরীদ করে ইয়ামনে বিক্রয় করবো আর ইয়ামন থেকে চাদর ক্রয় করে ইরানে বিক্রয় করবো। তারপর সফর সমাপ্ত করে এক দোকানে বাকী জিন্দেগী কাটাবো। তারপর শেখ সা'দী রহ.'কে মন্ড়ব্য করতে বললো!

দেখেন! ঐব্যক্তি কেমন ভ্রমনের আশা করছে। যে ভ্রমনে কতটি দেশ ও কি কি ব্যবসার চাহিদা রয়েছে! সে ভ্রমন সমাপ্ত করতে কত বৎসর লাগবে? সে কি মরণের চিন্ড়া করছে?

অপর এক হাদীসে রাসূল সা. বলেন- যদি মানব সন্ড়ানকে একটি স্বর্ণের ভান্ডারের মালিক বানানো হয়, তাহলে সে আরেকটির মালিক হতে চাইবে। দু'টির মালিক হলে, তৃতীয় আরেকটির মালিক হতে চাইবে। আদম সন্ড়ানের পেট কখনো ভরবেনা। কেবল কবরের মাটিই তার পেট ভরে দিবে। দুনিয়া কামানোর ব্যাপারে সব সময় নিজের চেয়ে নিম্ন মানের ব্যক্তির প্রতি তাকানো উচিৎ যে, আমি তিন বেলা পরিতৃপড় হয়ে খাচ্ছি, অথচ সে দু'বেলাও খাবার পাচ্ছে না। এভাবে দৃষ্টি রাখলে অল্পে তুষ্টি হবে। আল- াহ পাকের শুকরিয়া আদায় করতে সক্ষম হবে। আজ কাল সম্পদে তুষ্ঠ না হয়ে, সন্ড়ানদিগকে বিদেশ পাঠিয়ে নিজে প্রকৃত আরাম ও শান্ড়ি থেকে বঞ্চিত। মরণকালেও সন্ড়ানের চেহারা দেখা সম্ভব হচ্ছে না। এর চেয়ে কি আর হতাশা হতে পারে? তবে অল্পে তুষ্টি অর্থ এই নয় যে, ব্যবসা, বাণিজ্য ইত্যাদি ছেড়ে বসে থাকা; বরং ব্যবসার পরিধি রোজগারের উন্নতি বাড়ানো তাও এবাদতে গণ্য, তবে হারাম থেকে বাচা হালাল কামানো এবাদতে সময় দেওয়ার মাধ্যমে হতে হবে।

(চলবে)

ইসলাম এবং আমি

ইসলাম বিদ্বেষীদের ষড়যন্ত্র ও রাসূল সা.এর ভূমিকা, আমাদের করণীয়

মাও. বুরহানুদ্দীন

হক্ব বাতিলের দ্বন্ধ চিরন্ড়ন সত্য। আদম সৃষ্টিলগ্ন থেকেই হক্ব বাতিলের দ্বন্ধ চলে আসছে। যখনই বাতিল মাথা চড়া দিয়ে উঠেছে, তখনই আল- াহ হক্ব প্রেরণ করে বাতিলকে নিশ্চিহ্ন করে দিয়েছেন। বাতিল যখন নামর"দের রূপ ধারণ করে এসেছিল, তখন হক হিসেবে হযরত ইব্রাহীম আ. আভির্ভূত হয়েছিলেন। বাতিল যখন ফেরআউনের রূপ ধারণ করে এসেছিল, হক তখন হযরত মূসা. আ. এর রূপ ধারণ করে এসেছিল। এসকল বাতিলের মোকাবেলা কিরূপ করা হয়েছিল, তার বিবরণের দিকে যাব না, তার বিস্ড়ারিত বিবরণ কুরআন ও হাদীসে উলে- খ আছে। এ ধারাবাহিকতায় আমাদের নবী সা. যখন এ ধরাতে তাশরীফ এনেছিলেন, তখন বাতিল ইয়াহুদী, খৃষ্টান, মুনাফিক রূপ ধারণ করে এসেছিল। সে সময় এ সকল বাতিল কিভাবে হকের বির"দ্ধে ষড়যন্ত্র করেছিল? এ ষড়যন্ত্রের কারণ কি? বর্তমানে তাদের ষড়যন্ত্রের রূপরেখা কি? রাসূল সা. এগুলোর মোকাবেলা কিরূপ করেছিলেন? আমাদের করণীয় কি? তা সংক্ষেপে আলোচনা করার চেষ্টা করবো।

রেসালত যুগে ইহুদীদের ষড়যন্ত্রের দৃষ্টান্ড়:-

পঞ্চম হিজরীর ঘটনা। ইহুদীরা মুসলমানদেরকে সমূলে শেষ করে দিতে সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করে। নেতৃস্থানীয় ক'জন ইয়াহুদী আরবের অন্যান্য সকল কাফির গোত্রের সঙ্গে যোগাযোগ করে

মক্কার কুরাইশ, বনু সালীম, বনু গাতফান, বনু আসাদ, আশজা ফাজারাহ, বনু সুররাহ এসকল গোত্রের কাফিরদের সমন্বয়ে বহুজাতিক বাহিনী গঠন করত: সকলে এক সঙ্গে মদীনা আক্রমনের পরিকল্পনা আটে! প্রায় ১০ হাজার সৈন্যবাহিনী নিয়ে অতর্কিত আক্রমন চালায়। পরবর্তী ঘটনা সকলেই জানেন। অবশেষে আল- াহ মুসলমানদের কে বিজয় দান করেন।

মুনাফিকদের ষড়যন্ত্রের দৃষ্টান্ড়:-

তাবুক হতে প্রত্যাবর্তনের পর কতিপয় মুনাফিক পরামর্শ করল যে, যখন মহানবী সা. পাহাড়ের উচুঁ সর“পথে আরোহন করবেন, তখন ধাক্কা দিয়ে নীচে ফেলে তাকে হত্যা করা হবে। এ উদ্দেশ্যে এসকল ষড়যন্ত্রকারীরা হুজুর সা. এর সাথে চলতে লাগলো। রাসূল সা. ওহীর মাধ্যমে তাদের এ ষড়যন্ত্রের সম্পর্কে অবহিত হয়ে গিয়েছিলেন। অতপর তিনি পাহাড়ের সর“ রাস্ড়ার নিকট পৌছে বললেন- যার ইচ্ছা হয় সে এই পর্বতের উপত্যাকার প্রশস্ড় রাস্ড়া দিয়ে যেতে পারো অথবা পাহাড়ের সর“ পথ দিয়ে যেতে পারো। এই বলে নিজে পাহাড়ের উপর সর“ রাস্ড়া দিয়ে যেতে লাগলেন। ষড়যন্ত্রকারীরা মোক্ষম সুযোগ বুঝে রাত্রের অন্ধকারে মূখোশ পরিধান করে এই সর“ পথ দিয়ে আসতে লাগলো। মহানবী সা. এর সঙ্গে তখন হযরত হুযায়ফা ও হযরত আম্মার রা. ছিলেন। হযরত হুযায়ফা রা. পিছনে পিছনে ছিলেন। হুজুর সা. উক্ত সর“ পথে আরোহন করলে পিছন হতে উলে- খিত অভিশপ্ত দলের আগমনের আওয়াজ শুনলেন। মহানবী সা. এর চেহারায় তখন ক্রোধের লেলিহান শিখা জ্বলছিল। তিনি তাদেরকে পিছনে বিতাড়িত করার নির্দেশ দিলেন। হযরত হুযায়ফা রা. পিছনে ফিরে তাদের উঠের উপর তীর নিক্ষেপ করলেন। যখন তারা হযরত হুযায়ফা রা.'র সম্মুখে উপস্থিত হয়, তখন ঘটনা জানাজানি হয়ে গেছে ভেবে তারা ভীত হয়ে দ্র“তগতিতে পিছনে ফিরে কাফেলার সাথে মিলিত হয়ে গেল। হযরত হুযায়ফা রা. তাদের বিতাড়িত করে ফিরে এলেন। মহানবী সা. দ্র“ত উঠ চালানোর আদেশ দিলেন। অত:পর সর“ রাস্ড়া অতিক্রম করে উপত্যকা ঘুরে আসা কাফেলার অপেক্ষায় রইলেন। এখানে ষড়যন্ত্রকারীদের ২টি দৃষ্ঠান্ড় পেশ করলাম। এছাড়াও তাদের ষড়যন্ত্রের অনেক দৃষ্ঠান্ড় রয়েছে যা সিরাতের কিতাবে বিদ্যমান।

ষড়যন্ত্রের কারণ:-

আল- াহ তা'য়ালা বলেন- ولن ترضى عنك اليهود ولا النصرى حتى تتبع ملتهم - الاية। উলে- খিত আয়াতে মহান আল- াহ তার নবী সা.কে স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন যে, মুসলমানরা যতদিন পর্যন্ড় তাদের প্রভূ প্রদত্ব দ্বীন ইসলামকে পরিত্যাগ করে ইয়াহুদী-খৃষ্ঠানদের ধর্ম গ্রহণ না করবে, ততক্ষণ পর্যন্ড় ইয়াহুদী ও খৃষ্ঠানরা মুসলমানদের প্রতি সদ্ভাব পোষণকারী হবে না। তাদের আন্ড়রিক কামনা ও লক্ষ্য একটিই! আর তা হচ্ছে- সমগ্র মুসলিম জাতি ইয়াহুদী বা খৃষ্ঠান ধর্ম গ্রহণ কর“ক। আর দুনিয়াতে ইসলামের নাম নিশানা পর্যন্ড় বাকী না থাকুক। এ কারণেই ইসলামের সূচনা লগ্ন থেকে তারা ইসলাম ও মুসলিমদের বির“দ্ধে ষড়যন্ত্র করেই আসছে।

বর্তমান দুনিয়াতে ইয়াহুদী খৃষ্ঠানদের ইসলাম ও মুসলমানদের বির“দ্ধে ষড়যন্ত্র করার ঐ একই কারণ। আমেরিকার সাবেক প্রেসিডেন্ট জর্জ বুশের ভাষন নিম্নে উলে- খ করা হচ্ছে। তা থেকে কিছুটা অনুধাবন করা যায়-

" মাননীয় সভাপতি, কংগ্রেস সদস্যবৃন্দ ও মার্কিন জনগন!

আজকের রাতে আমি অত্যন্ড় গর্বের সাথে আপনাদের বলছি, শেতাঙ্গ ইয়াহুদী খৃষ্ঠান ঐক্য বর্তমানে অত্যন্ড় শক্তিশালী হয়ে উঠেছে। আমাদের ইতিহাসে এ রকম আর কখনো হয়নি। আজ আমি আপনাদেরকে একথা জানাতে গর্ববোধ করছি যে, তালেবান নির্মূল হয়ে গেছে। কাবুল স্বাধীন হয়ে গেছে। মোল- া ওমর ও ওসামা বিন লাদেন হয়তো শেষ হয়ে গেছে, কিংবা গ্রেফতারের পথে। এদিক ওদিক লুকিয়ে বেড়াচ্ছে।

আমি একথা জানাতেও গর্ববোধ করছি যে, আফগান নারীরা চিরদিনের জন্য বোরকা হতে মুক্ত হয়ে গেছে। আফগানিস্ড়ানের মেয়েরা স্কুলে ফিরে এসেছে। পশ্চিমা সভ্যতা সংস্কৃতির সবচেয়ে বড় নির্দশন টেলিভিশন আফগান নাগরিকদের জীবনে আবার স্থান করে নিয়েছে। আমাদেরকে অনেক ইসলামী আরব রাষ্ট্র অতিক্রম করতে হবে। আমরা ততক্ষণ পর্যন্ড় নিস্ড়েজ হব না, যতক্ষণ প্রত্যেক মুসলমান নিরস্ত্র, দাঁড়িবিহীন, ধর্মহীন, শান্ড়িপ্রিয় ও মার্কিন প্রেমিক না হবে। মুসলিম নারীরা তাদের শরীর থেকে হিজাববৃত্তি করা ছেড়ে না দিবে। আল- াহর ফজলে আমরা সাদা চামড়ার সভ্যলোক এই বিশ্বের উপর আমাদের স্বাধীন চিত্তাকর্ষন ও সুন্দর আকীদা বিশ্বাস চাপিয়ে দিয়েই ক্ষ্যান্ড় হব। আজ থেকে সব সময়ের জন্য সকল স্থানে মদ ও নেশা পান করতে পারবে। যৌনক্ষুধা স্বাধীনভাবে মেটাতে পারবে। আমাদের যে সকল কোম্পানী নগ্ন ছবি ও যৌন ছবি তৈরী করে নিকট ভবিষ্যতে তা কোন ধরণের অবরোধ ও নিষেধ ছাড়াই বিশ্বের আনাচে কানাচে পৌছে যাবে।" (সংক্ষেপিত: বিশ্বায়ন, সম্রাজ্যবাদের নতুন ট্রাজেডী)

বর্তমান প্রেক্ষাপট: ইয়াহুদী খৃষ্ঠানদের ষড়যন্ত্রের স্বরূপ:-

প্রিয় পাঠক! উপরে উলে- খিত জর্জ বুশের বক্তব্যের আলোকে তাদের ষড়যন্ত্র ও মনোভাবটা কিছুটা অনুধাবন করতে পেরেছেন। তা ছাড়া বর্তমান

প্রেক্ষাপটে তাদের ষড়যন্ত্রের আরো কিছু রূপরেখা তুলে ধরছি।

(ক) পূর্বে উলে- খ করেছি, তাদের আকাঙ্কা হল মুসলমানদেরকে তাদের ধর্মের অনুসারী বানানো। এ আকাঙ্কা বাস্ড়বায়নে আমাদের এ মুসলিম প্রধান দেশে সাধারণ শিক্ষা ব্যবস্থায় এমন সব বিষয়ের শিক্ষা প্রদান করা হয়েছে, যা পাঠ করে মুসলিম পরিবারের সন্ড়ানরা খৃষ্টানদের পদলেহী গোলামে পরিণত হচ্ছে।

(খ) ভারত উপমহাদেশ থেকে বিতাড়িত হওয়ার সময় এমন সকল শিষ্য শাগরিদ এদেশগুলোতে রেখে গেছে এবং এদেশগুলোতে সহশিক্ষা নামে এমন এক শিক্ষা ব্যবস্থা চালু করে রেখে গেছে, যে শিক্ষা কার্যক্রম অনুসারে পাঠ গ্রহণের সাথে মানুষ আকার আকৃতিতে পাকিস্ড়ানী, হিন্দুস্ড়ানী, বাংলাদেশী হলেও মন-মস্ড়িষ্ক ও চিন্ড়া চেতনার দিক দিয়ে তারা হবে তাদের মতাদর্শের। তাই তো লর্ড ম্যাকেলে বলেছিল- উপমহাদেশে আমাদের এ শিক্ষা ব্যবস্থা প্রণয়নের উদ্দেশ্য হচ্ছে এদেশে এমন এক শ্রেণী তৈরী হবে, যারা বর্ণ আকৃতিতে ভারতীয় (পাকিস্ড়ানী বাংলাদেশী) হবে; কিন্তু মন-মস্ড়িষ্কের দিক দিয়ে হবে ইউরোপিয়ান ও ইংরেজ।

(গ) অর্থনৈতিক সূদী ব্যবস্থার প্রবর্তন।

(ঘ) মুসলমানদের ঘরে ঘরে টেলিভিশন ও ভি.সি.আর. পৌছে দেয়া। এর মাধ্যমে নারীদেরকে বেহায়া বানিয়ে তাদের সতিত্বের পরিবর্তে যৌনাচারে উজ্জীবিত করা।

(ঙ) সেবার ছদ্মবরণে রাষ্ট্রিয় ক্ষমতা কুক্ষিগত করা। সে জন্য সেবার ছদ্মবরণে পাঠিয়েছে এন.জি.ও.।

(চ) জন সংখ্যা বিষ্ফোরণ নামক জু জু বুড়ীর ভয় দেখিয়ে পরিবার পরিকল্পনা বা জন্মনিয়ন্ত্রণ বাস্ড়বায়ন।

এই হল তাদের ষড়যন্ত্রের কিঞ্চিত আলোচনা।

রাসূল সা. এর ভূমিকা ও আমাদের করণীয়:-

আমাদের স্মরণ রাখতে হবে যে, ইয়াহুদী খৃষ্ঠান ও ইসলাম বিদ্বেষীদের সকল ষড়যন্ত্রের মূখে মহানবী সা. হাল ছেড়ে বসে থাকেননি। এবং নীরবে নিশ্চুপ থেকে তা হজম করেননি; বরং তাদের প্রতিটি ষড়যন্ত্রের বির"দ্ধে যথা সময়ে কঠোর ও যথোপযুক্ত ব্যবস্থা গ্রহন করে তাদের সকল ষড়যন্ত্র ও কুমতলবকে গুড়িয়ে দিয়েছেন। এবং তাদেরকে শাস্ড়িও প্রদান করেছেন। তাই আজ সময় এসেছে দুশমনদের প্রত্যেকটি ষড়যন্ত্রকে গভীর ভাবে অনুধাবন করার এবং মুসলিম স্বাধীন দেশে সর্বস্ড়র থেকে তাদের ষড়যন্ত্রকে ছুড়ে ফেলে দিয়ে সঠিক ইসলামী বিধি-বিধান বাস্ড়বায়ন করা। তাই আমাদেরকে উজ্জীবিত হতে হবে মহানবীর সেই জিহাদী প্রেরণায়। রাসূলের সুন্নতী পথ ধরে চলতে হবে ইয়াহুদী খৃষ্ঠান নাস্ড়িকদের মোকাবেলায়।

স্বাধীনতার আসল রূপ

ইসলাম প্রদত্ত স্বাধীনতা

এম আল মামুন

স্বাধীনতা প্রতিটি ব্যক্তির অন্ড়রের চাওয়া- পাওয়া বিষয়। স্বাধীনতা ছাড়া কোন ব্যক্তি উন্নতির পথে অগ্রসর হতে পারে না। উন্নত ও আদর্শিক র"চিশীলতার জন্যে চাই স্বাধীনতা। তবে স্বাধীনতা বলতে স্বেচ্চাচারিতা নয়; বরং স্বাধীনতার একটি নির্দিষ্ট সীমারেখা নির"পিত আছে। কিন্তু বর্তমানে স্বাধীনতা আপন মতলব অনুযায়ী ব্যবহৃত হয়। ধর্মীয় জীবন ব্যবস্থা তাদের হীন স্বার্থ চরিতার্থে বাঁধা হয়ে দাড়ায় বলে কেহ কেহ ধর্মবির"দ্ধ শে- াগান দেয়। ইসলাম স্বাধীনতার যে সবক দুনিয়ার মানুষের সামনে পেশ করেছে তা মানবতাকে বাচিয়ে রাখার সঠিক পন্থা যার কোন বিকল্প নেই। ইসলাম ছাড়া অন্য কোন মানব রচিত মত বা পথ তা দিতে পারেনি। ক্বিয়ামত পর্যন্ড় পারবেওনা। ইসলাম সর্বক্ষেত্রে স্বাধীনতা দিয়েছে। নিম্নে কয়েকটি দিক তুলে ধরেছি। যথা:-

ব্যক্তি স্বাধীনতা:-

ইসলাম ব্যক্তির দেহ, ইজ্জত, আবর" ও সম্পদ সম্পত্তি সংরক্ষিত রাখা তথা ব্যক্তির সর্বাধিক অধিকার রক্ষার জন্য ও স্ব স্ব গন্ডিতে সঠিক ভাবে চলার জন্য রাষ্ট্র কে দায়িত্বশীল বানিয়েছে। একজন অপরজনের সীমানায় হস্ড়ক্ষেপ করা থেকে বারণ করেছে। ব্যক্তি নিজ দেশের যেখানে-সেখানে এবং দেশের বাইরে ভিন্ন দেশে যাতায়াত করার স্বাধীনতা ইসলামে স্বীকৃত। আল- াহ পাক তার কালামে ইরশাদ করেন- يعبادى الذين امنوا ان ارضى واسعة فاياى فاعبدون - "হে আমার ঈমানদার বান্দাগণ, আমার পৃথিবী প্রশস্ড়। অতএব তোমরা আমারই ইবাদত কর।" এই আয়াত দ্বারা প্রমাণিত হয়েছে যে, এই জমিনের প্রকৃত মালিক আল- াহ। তাই দেশ ত্যাগে বাধা দেওয়া কারও অধিকার নেই। যদি বাঁধা দেয়া হয়, তাহলে ব্যক্তি স্বাধীনতা ক্ষুন্ন হবে।

ঈমান ও ইবাদতের স্বাধীনতা:-

ইসলাম কোন মানুষকে ঈমান আনয়নে বাধ্য করে না। আল- াহ বলেন- "দ্বীন গ্রহণ করানোর ব্যাপারে কোন জোর-জবরদস্ড়ি চলবেনা।" অন্যত্র আল- াহ বলেন- انك لا تهدى من احببت ولكن الله يهدى من يشاء وهو اعلم بالمهتدين - " আপনি যাকে পছন্দ করেন, তাকে সৎপথে আনতে পারবেন না, তবে আল- াহ তা'য়ালাই যাকে ইচ্ছা সৎপথে আনয়ন করেন। কে

সৎপথে আসবে, আল- াহই ভাল জানেন।"

তবে হেদায়াতের জন্য দাওয়াত দেওয়া যাবে। হযরত আদম আ. হতে বিশ্বনবী হযরত মুহাম্মদ সা. পর্যন্ড় সকল নবী-ই এই দাওয়াতের কাজ করেছিলেন। এমন কি হযরত নূহ আ. সাড়ে নয়শত বৎসর পর্যন্ড় দাওয়াত দিয়েছিলেন। আম্বিয়ায়ে কেরামের এই দাওয়াতের বদৌলতে অসংখ্য কাফির, মুশরিক ইসলামের ছাঁয়ায় এসে সোনার মানুষে রূপান্ড়রিত হয়েছে। বর্তমানে যেহেতু নবী দুনিয়াতে নেই, তাই সেই নবী ওয়ালা দাওয়াত ও তাবলীগের কাজ আমাদের উপর অর্পিত। আল- াহ বলেন- " তোমরা সর্বশ্রেষ্টজাতি তোমাদেরকে বাহির করা হয়েছে মানুষের কল্যাণের জন্য, তোমরা সৎ কাজের আদেশ করবে এবং অসৎ কাজ হতে নিষেধ করবে।"

ইসলাম নফল ইবাদতের ক্ষেত্রেও স্বাধীনতা দিয়েছে। কেহ যদি নফল ইবাদত না করে তাহলে তাহাকে জোর-জবরদস্ড়ি করা যাবেনা। তবে ইবাদতের লাভ কি এবং না করলে ক্ষতি কি, সে বিষয়ে বুঝানো যাবে। যা বর্তমানে ওয়াজ-নসীহতের মাধ্যমে হয় এবং দাওয়াত ও তাবলীগের মাধ্যমে হয়ে থাকে। পিতা-মাতা সন্ড়ানদের কে ফরজ ইবাদতে বাধ্য করতে পারবে অভ্যস্ড় করানোর জন্য। যেমন কোন সন্ড়ান যদি নামাজ না পড়ে, রোযা না রাখে, তখন ঐ সন্ড়ানকে পিতা-মাতা শাসাতে পারবে এবং প্রয়োজনে শাস্ড়ি ও প্রদান করতে পাবে ইসলাহের জন্য। কেননা রাসূল সা. বলেছেন: "যখন সন্ড়ানের বয়স ৭ বছর হয়, তখন তাকে নামাজের হুকুম দাও, যখন ৯ বছর হয়, নামাজ না পড়লে বেত্রাঘাত কর।"

ঠিক তেমনিভাবে শিক্ষক ছাত্রদেরকে তা'লীমের ক্ষেত্রে নামাজ, কোরআন পড়ার জন্য বাধ্য করতে পারবে। প্রয়োজনে 'দরদে নবুওয়াত' এর মন-মানসিকতা নিয়ে ইসলাহ করার নিয়তে শাসনও করতে পারবে। নিজের রাগ ও মনের চাহিদা মিটানোর জন্য নয়।

কর্মের স্বাধীনতা:-

ইসলাম শরীয়ত সম্মত যে কোন কাজই করার সুযোগ দিয়েছে। প্রতিটি ব্যক্তিকে ব্যবসায়, শিল্প ও কৃষি ইত্যাদি বিভিন্ন উপার্জন কাজে শুধু স্বাধীনতা-ই দেয়নি; বরং সেজন্যে উৎসাহ প্রদান করেছে। কিন্তু মনে রাখতে হবে এই স্বাধীনতা বিশেষ ভাবে শুধু পুর"ষের জন্য। তবে মহিলারাও বিশেষ অসুবিধার দর"ন কর্মে যেতে পারবে শরীয়তের আইন মেনে চলে। কিন্তু দুঃখের বিষয় আমাদের দেশের কিছু কিছু বুদ্ধিজীবিরা বলে ইসলাম মহিলাদেরকে ঘরে বন্দি করে রেখেছে। আর সেই সূরে সূর মিলিয়ে আমাদের দেশের কিছু 'নারী এই বলে শে- াগান দেয় "বদ্ধ ঘরে থাকব না, স্বামীর কথা মানব না" এই দূষিত সয়লাবে আজ দেশে ধর্ষন, ইভটিজিং, এইডস এর সংখ্যা অধিকহারে দিন-দিন বৃদ্ধি পাচ্ছে এবং মহিলারা দিবালোকে লাঞ্চিত হচ্ছে। উহা আল- াহর বিধান পর্দাকে পরিত্যাগ করার অভিশাপ।

যাই হোক, আমি বলতে ছিলাম কর্মের ক্ষেত্রে স্বাধীনতার কথা। এই স্বাধীনতার স্বাদ গ্রহণ করতে গিয়ে কারো যেন এক বিন্দু ক্ষতি সাধিত না হয়। সে দিকে লক্ষ্য রাখা চাই। আমাদের দেশে কর্মচারীরা প্রায়ই লক্ষ্য করা যায় ধর্মঘট করে, এতে জনসাধারনের জীবনে কঠিন বিপর্যয় নেমে আসার আশংকা রয়েছে। তবে কর্মচারীরা যদি কাজ অনুযায়ী মজুরী না পায়, তাহলে ন্যায্য মজুরীর দাবী ও প্রয়োজনে চাপ সৃষ্টি করতে পারবে।

মতামত প্রকাশের স্বাধীনতা:-

ইসলামে মত পোষণ ও প্রকাশের স্বাধীনতার উপর বিশেষ গুর"ত্ব দিয়েছে। এ অধিকার হরণ করার অধিকার কারো নেই। কিন্তু বর্তমান বাংলাদেশে মত প্রকাশের স্বাধীনতা নেই বললেই চলে। কেহ যদি বাস্ড়ব কথা বলে বা লিখে তা যদি ব্যক্তি বিশেষের বিরোধী হয়, যার দর"ন সমাজে তাদের বাস্ড়ব চিত্র প্রকাশ হয়ে যায়, তখন ঐ লোকের মূখ এবং কলমকে স্ড়ীমিত রাখা হয় যাতে সমাজে মানুষের চোখে বাস্ড়ব নাটক ফুটে না উঠে, সেজন্য মিথ্যা ও ষড়যন্ত্র মূলক মামলা দিয়ে হয়রানি করা হয়। এতে ব্যক্তির মতামত প্রকাশের স্বাধীনতাকে লোপ করা হচ্ছে। সুতরাং ব্যক্তির চিন্ড়া ও প্রতিভা বিকাশের জন্যে ব্যক্তির মতের স্বাধীনতা থাকা একান্ড়ই অপরিহার্য। এ না থাকলে মুসলমানরা তাদের দ্বীনি দায়িত্ব ও কর্তব্য পালন করতে সক্ষম হবে না। কেননা ন্যায়ের আদেশ ও অন্যায়ের প্রতিরোধ তো মুসলিম মাত্রই কর্তব্য। আর চিন্ড়া ও মতের স্বাধীনতা থাকলেই একাজ বাস্ড়বায়িত করা সম্ভব।

তবে যিনি মতামত প্রকাশ করবেন তার জন্য করণীয় হলো মত প্রকাশ করতে সামগ্রিক কল্যাণ ও আল- াহর সন্তুষ্টিই হতে হবে মূল লক্ষ্য । এ স্বাধীনতা ভোগ করতে গিয়ে শরীয়তের গন্ডি অতিক্রম করা যাবে না; বরং তা পরিপূর্ণ বজায় রেখে মতামত ব্যক্ত করতে হবে।

বিধর্মীদের ব্যক্তি স্বাধীনতা:-

ইসলামী রাষ্ট্রে অমুসলিম নাগরিকের জন্যও পুর্ণ মাত্রায় ব্যক্তি স্বাধীনতা রক্ষিত অর্থাৎ মুসলমানদের জন্য যে সব সুযোগ-সুবিধা থাকে, তা বিধর্মীদের জন্যও। কেননা ইসলামী দেশে অমুসলিমরা যে বিরাট অধিকার ও সর্ববিধ সুবিধা লাভ করেছে, তা পৃথিবীর অন্য কোন মতবাদ দিতে পারেনি। পারবেও না। কিন্তু বর্তমান বিশ্বে তথা বাংলাদেশেও স্বাধীনতার যে শে- াগান দেয়া হচ্ছে তা কেবল ব্যক্তি বা দলের স্বেচ্ছাচারিতা ও মতলব হাসিলের কর্মতৎপরতা। যা সকলের সামনে ভাসমান। অথচ এদেশ মুসলমানদের দেশ, যে দেশ প্রায় ৯০

ভাগ মুসলমানদের স্বাধীন বাংলাদেশ। কিন্তু বর্তমান কর্মকান্ডে তা উপলব্ধি করা যায় না, কেননা নিরপরাধ লোকদেরকে দিবালোকে ক্রসফায়ারে হত্যা করা হচ্ছে। এবং ৫ই মে হেফাজাতে ইসলামের শান্ড়িপূর্ণ সমাবেশে রাতে জিকিরে মশগুল সত্যিকারের নবীপ্রেমীকদেরকে নির্মমভাবে শহীদ করেছে, যা 'কালরাত' হিসেবে চিরদিন অংকিত থাকবে, এদেশের তৌহিদী জনতার হৃদয় গহীনে। পত্র-পত্রিকা খুললে দেখা যায়, রাজপথ রক্তে রঞ্জিত হয়ে গেছে। প্রত্যহ বে-হিসাব মানুষকে হত্যা, গ্রেফতার, গুম করা হচ্ছে। কী তাদের অপরাধ! কেন এত নির্যাতন? কেন এত নিপীড়ন? তাদের একটিই অপরাধ যারা এই সমস্ড় কর্মকান্ড করছে বা করাচ্ছে, তারা তাদের স্ব-দলীয় নয়; বরং ভিন্ন দলীয়। তবে বাস্ড় বে যারা অপরাধী তাদের দৃষ্টান্ড় মূলক শাস্ড়ি হউক এটা আমরাও কামনা করি। বিচার করার নামে স্বজনপ্রীতি চলবে না। ইসলামে স্বজনপ্রীতি নেই, কেননা রাসূল সা. বিচার করতে গিয়ে দ্বীপ্ত কণ্ঠে বলে ছিলেন আমার মেয়ে ফাতেমাও যদি চুরি করত; তাহলে আমি তার হাত কেটে দিতাম।

পরিশেষে বলতে চাই বর্তমান আমাদের দেশকে ডিজিটাল বাংলাদেশ বলা হচ্ছে, অথচ চতুর্দিকে অশান্ড়ির আগুন দাউ দাউ করে জ্বলে উঠছে। সুতরাং সার্বিক উন্নতি ও শান্ড়ি লাভ করতে হলে শরীয়তের গন্ডিবদ্ধ হয়ে ইসলাম প্রদত্ত্ব স্বাধীনতার বিকল্প নেই।

সম্মিলিত চেষ্টা

ফিরাও চেতনা, চালাও সাধনা

শু'বায়ে তাখাসসুস

জাগো মুসলমান জাগো। আর ঘুমিয়ে নয়। তোমার স্বপ্নবিভূরতায় তোমার প্রিয় ইসলামকে হরণ লুণ্ঠন করে নিয়ে যাচ্ছে নাস্ড়িক-কাদিয়ানীরা। এতে আরো স্বচেষ্ট হচ্ছে কাফির নাদানরা। সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে মুসলমান রূপের নামে মুসলমান মুনাফিকেরা। চলো! তরবারী হাতে নাও, বাহাদূরের মতো দাড়াও। চুর্ণ করো তাদের সব প্রচেষ্টা। বিলিন করে দাও তাদের চোখ থেকে ইসলাম খর্বের রঙ্গীন স্বপ্ন। ফিরিয়ে আনো তোমাদের শ্রেষ্ট ধর্মকে।

সত্যিই, তোমার ধর্ম অতুলনীয়। তার তুলনা সে নিজেই।

ওহে মুসলমান! তোমার কি লজ্জা হয় না? নতশীরে কাপুর"ষের মতো ঘরের কোনে বসে আছো। তোমার ধর্মের ঐ মহা বিজয় যুগের কথার স্বরণে তোমার কি দু:খ অনুভব হয় না? এক কালে তোমার ধর্ম ছিল এমন প্রভাবিত, তার সম্মুখ পানে কাফির নাস্ড়িক মুশরিক ধর্মের ছিল শির নত। কেন? তোমার কি স্বরণ নেই, তোমার সর্দার বিশ্ব সেরা মানব সা. এর শান্ড়িময় সুনালী সেই যুগের কথা। ভুলে কি গেছ তুমি! খলীফাতুল মুসলিমীন আমীর"ল মু'মিনীন হযরত ওমর রা.এর শাসনকাল। যার ভয়ে কাফের-নাস্ড়ি করাও কাঁপতো। তবে হে জেনে রেখো! তোমার ধর্মের এই অবনতি সম্পূর্ণ তোমার গাফলতীর চাদর পরিধান করে চেতনাহীনের ন্যায় ঘুমানোর কারণে।

কেন? কেন আজ তুমি ইহুদী নাসারাদের কাছে তোমার সব কিছু বিলীন করে নির্বোধ সেজেছ। তুমি কি অনুধাবন করছো না যে, ঐ তাগুতেরা বিভিন্ন কলা-কৌশলে তোমার অজান্ড়ে তোমার সহায়তায়, তোমার সম্পদের দ্বারা তোমার ধর্মকে খর্ব করে দিচ্ছে।

দীর্ঘ দিনের এ খেয়ালহীনতার পরিণাম এখন দেখতে পাচ্ছ কি? বুঝতে পারছ কি? আজ ইহুদী নাসারাদের শাসন ক্ষমতা তোমার উপর কতটুকু প্রভাবিত? তোমার কি আক্ষেপ লাগেনা? একটি বারও কি স্মরণ হয়না মহামানবের সা. মেহনতের কথা? যিনি জাহেলী অত্যাচারের ঘুট ঘুটে অন্ধকার থেকে ইসলামের সুশীতল সমুজ্জল ছায়াতলে তোমাকে আশ্রয় দেওয়ার জন্য অনেক কষ্ট সহ্য করেন। আর আজ তুমি নাকি পদে পদে তাদের পদাঙ্ক ও কৃষ্টি-কালচারের অনুকরণ অনুসরণ করে আবার ফিরিয়ে আনতেছ ঐ জাহেলী যুগ।

ভেবে দেখ, তুমি সব হারিয়ে ফেলেছ, হারিয়ে ফেলেছ তুমি কাফের জাহেলদের থেকে প্রাপ্ত তোমার রাসূল সা. এর কষ্টগুলো। হারিয়ে ফেলেছ তুমি সাহাবায়ে কেরামের ইসলাম গ্রহণের নির্যাতিত হবার স্মৃতিগুলো, ভুলে গেছ তুমি বেদনাহত ঐ বেলাল, আম্মারদের ঘটনাগুলো। আজ একবার নিজের দিকে তাকিয়ে দেখ আজ তুমি একজন নামধারী মুসলমান। যা তোমার কর্ম দ্বারা প্রস্ফুটিত।

শত ভুলের পাহাড় ডিঙ্গিয়ে অনুতপ্ত হয়ে, আল- াহর ভরসা সাথে নিয়ে, নিজ চেতনা শক্তি ফিরাও, র"খে দাঁড়াও ঐ অত্যাচারীদের বিপক্ষে। হিনবল বা সাহস হারা হয়ো না; বরং বিশ্বাস রেখ তুমি ঐ বানীর উপর যে, আল- াহ তা'য়ালা নিজেই তার ধর্ম রক্ষক হিসেবে যথেষ্ট। এতদসত্বেও তোমার চেষ্টার প্রয়োজন তোমার নিজ উপাকারার্থে। ইনশাআল- াহ এই বাংলার জমীনে কালেমার বিজয় নিশান একদিন না হয় একদিন উড়বেই। গাইবে মুসলিমরা ইসলামের বিজয় শে- াগান। পক্ষান্ড়রে কাফের বেদ্বীনদের সর্ব প্রচেষ্টার পতন ঘটবেই ঘটবে।

সঠিক পথ খুজি

তাক্বলীদ: কুরআন-সুন্নাহর প্রকৃত অনুসরণ

মুহা. কুতুবুদ্দীন

আল- াহ জাল- া জালালাহু মানব জাতিকে কেবল তারই ইবাদতের জন্য এ ধরাধমে পাঠিয়েছেন। মানুষের অস্তিত্ব থেকে শুর করে শেষ নি:শ্বাস ত্যাগ করা অবধি যাবতীয় কর্মকান্ড তাঁর অনুগ্রহ বলেই সম্পাদন করেন। যে কর ণা ও অনুগ্রহের চাহিদা দু'টি-

১) এ মহান সত্ত্বার শান মোতাবেক মা'রেফাত বা পরিচয় করা।

২) সর্বক্ষেত্রে পুঙ্খানুপুঙ্খ তাঁর বিধানাবলী নতশিরে সমর্পিত চিত্তে মেনে নেওয়া।

উপরোক্ত কর্মদ্বয় পালন করতে রাসুল সা. এর কর্ম ও উক্তির গুর ত্ব অনস্বীকার্য। কুরআন-সুন্নাহ কিংবা কোন একটিকে অবজ্ঞা করে আল- াহর পূর্ণ আনুগত্য ও পরিচয় লাভ করা আদৌ সম্ভব নয়। যা কোন সমোঝদারকে চোখে আঙ্গুল দিয়ে বোঝানোর জর রত নেই। আল- াহ তা'য়ালা ইরশাদ করেন- وما أتاكم الرسول فخذوه وما نهاكم عنه فانتهوا "আল- াহর রাসূল তোমাদের নিকট যা কিছু নিয়ে এসেছেন, এটাকে মজবুত হাতে আঁকড়ে ধরো এবং যা হতে নিষেধ করেন, এটাকে বর্জন করো। (সূরা হাশর- আয়াত৭)

সুতরাং কোন ব্যক্তি বা গোষ্ঠিকে আল- াহর রেযামন্দী অর্জনের জন্য অকপটে আল- াহ ও স্বীয় রাসূলের আনুগত্য করতে হবে এবং নিষেধকৃত পথ পরিহার করতে হবে। এক্ষেত্রে কাউকে শরীয়ত প্রণেতার পদমর্যাদায় উন্নিত করা শিরক বৈ কিছু নয়।

তবে মনে রাখতে হবে যে, কুরআন-সুন্নাহর আদ্যোপান্ড় বক্তব্য দু'ভাবে বিভক্ত-

১) যার বর্ণনা অত্যন্ড় সুস্পষ্ট, সংক্ষিপ্ততাও বিরোধমুক্ত।

২) যে সকল বর্ণনা দ্ব্যর্থতাপূর্ণ, সংক্ষিপ্ত কিংবা বাহ্যিক: বিরোধপূর্ণ।

প্রথম প্রকার হুকুম আহকাম যে কেহ অনায়াসে উপলব্ধি করতে পারে। কারো ব্যাখ্যার মুহতাজ হয় না।

দ্বিতীয় প্রকার তথা দ্ব্যর্থতাপূর্ণ, সংক্ষিপ্ত বা বাহ্যিক: বিরোধপূর্ণ বর্ণনা এর ক্ষেত্রে ব্যক্তি স্বীয় মেধা ও প্রজ্ঞার উপর নির্ভর করতে পারে কিংবা কোন যোগ্য ফক্বীহ মুজতাহিদের ব্যাখ্যাকে গ্রহণ করতে পারে। যোগ্যতা ব্যতীত নিজস্ব মেধা ও জ্ঞানের উপর ই'তেমাদ করা একটি স্পর্শকাতর ও খতরনাক ব্যাপার। কারণ কুরআন-সুন্নাহর বিশাল জ্ঞান-ভান্ডার আয়ত্ব করার পর তত্ত্বানুসন্ধান করে সঠিক সিদ্ধান্ড়ে পৌঁছা সাধারণ কথা নয়। মনের প্রিয় বিষয়কে সত্য বলে মেনে নিলাম, ফলশ্র তিতে লা'নতকে গলগ্রহ বানালাম।

পক্ষান্ড়রে কুরআন-সুন্নাহর জ্ঞান ভান্ডারের গভীর সাগরের হীরা-জওহর আহরণকারী পারদর্শী ডুবুরীর ব্যাখ্যা মেনে নেওয়া নিরাপদ ও বিপদমুক্ত উন্মুক্ত রাজপথ। এটাই হলো "তাক্বলীদ"।

তাক্বলীদের সংজ্ঞা:-

আল- ামা ইবনে হুমাম ও ইবনে নজীম রাহ. বলেন- التقليد: العمل بقول من ليس قوله احدى ا لحجج بلاحجة منها "শরীয়তের দলীল নয় এমন ব্যক্তির কথাকে মান্য করে আমল করা দলীল প্রমাণ তলব করা ব্যতীত।"

সাইয়্যেদ মুহাম্মদ মূসা রহ. বলেন- التقليد: أن يعتمد الانسان فى فهم الحكم من الدليل على غيره، لا على نفسه - " শরীয়তের দলীল থেকে বিধান বোঝার ক্ষেত্রে নিজের উপর নির্ভর না করে অন্যের (শরীয়তের পারদর্শী ইমামের) উপর নির্ভর করাকে তাক্বলীদ বলে।"

উলি- খিত সংজ্ঞাদ্বয় হতে একথা সুস্পষ্ট হয়ে গেল যে, মুকালি- দ মুজতাহিদের কথা কুরআন-সুন্নাহর বান্ড়ব সম্মত ব্যাখ্যা হিসেবে মানবে, শরীয়ত প্রণেতার নির্দেশ হিসেবে নয়। এটা সীমাতিরিক্ত হীনতা বা বিনয় প্রকাশ নয়; বরং অভ্রান্ড় সত্যের অকুণ্ঠ স্বীকৃতি মাত্র। আকলে সালিমের দাবিও তাই।

উলামায়ে কেরাম রাহ. বলেন- দ্বীনের অপরিহার্য অংশ হিসেবে স্বীকৃত বিষয়াবলীতে কোন মুজতাহিদের কথা মান্য করার প্রয়োজন নেই। সে সব ক্ষেত্রে কুরআন-সুন্নাহর বর্ণনা দ্ব্যর্থহীন, বাহ্যত: বিরোধমুক্ত এবং সাবলীল তাতেও তাকলীদের জর রত নেই।

কোর্ট-কাছারিতে আইজীবিগণ রয়েছেন। মামলা নিষ্পত্তির জন্য আইন শাস্ত্রে অনভিজ্ঞ বাদী-বিবাদী আস্থাভাজন আইনজীবি বাছাই করেন এবং তাদের পরামর্শ মোতাবেক সামনে এগুতে থাকেন। ওহে সত্যের পথিক! বলুনতো, দেশের অধিবাসীর দায়িত্ব হলো রাষ্ট্রীয় সংবিধান মেনে চলা, সংবিধান লঙ্ঘন করা গুর তর অপরাধ।

মামলা নিষ্পত্তির জন্য আইনজীবির কথা মত কাজ করা কি সংবিধান লঙ্ঘন মনে করেন? বুক ভরা আশা নিয়ে বলতে পারি, বিনা দ্বিধায় দ্ব্যর্থহীন কণ্ঠে বলবেন, না, আইনজীবির ফরমায়েশ মত কাজ করা সঠিকভাবে সংবিধান মেনে নেয়ার উত্তম ব্যবস্থাপত্র। কারণ, সংবিধানের যাবতীয় আইন তাঁর

নখদর্পনে। সুক্ষ্মাতিসুক্ষ্ম, জটিল ও দ্ব্যর্থতাপূর্ণ আইনের প্রশান্ড়িদায়ক ব্যাখ্যা তাঁর জ্ঞান-পরিধিতে বিদ্যমান। তাঁর পুরো জীবনটাই যে, আইন বোঝতে ওয়াক্বফ করে দিয়েছেন।

ওহে বন্ধু! তাকলীদ এর উর্দ্ধে কিছু নয়। তারপরও কি আপনি তাক্বলীদকে শিরক আখ্যা দিবেন? কী আজব ফয়সালা! কী বিস্ময়কর ইনসাফ!

নিম্নে তাক্বলীদের স্বপক্ষে একটি আয়াত ও হাদীস পেশ করবো ইনশাআল- াহ।

আল- াহ তা'য়ালা ইরশাদ করেন-

يأيها الذين امنوا أطيعوا الله وأطيعوا الرسول وأولى الأمر منكم " হে ঈমানদারগণ, তোমরা আল- াহ ও তদ্বীয় রাসূল ও তোমাদের উলুল আমর কে অনুসরন করো।" (সূরা নিসা- আয়াত:৫৯)

অধিকাংশ তাফসীরকারদের মতে আলোচ্য আয়াতে "উলুল আমর" দ্বারা উদ্দেশ্য হল, "কুরআন-সুন্নাহর ইলমের অধিকারী ফক্বীহ-মুজতাহিদ ব্যক্তিবর্গ।" এটা আব্দুল- াহ বিন আব্বাস ও জাবের বিন আব্দুল- াহ রা. এর মত। কেউ কেউ "উলুল আমর" শব্দ দ্বারা "মুসলিম শাসকবর্গ" উদ্দেশ্য বলে মত পেশ করেছেন। তবে এতে কোন বৈপরিত্য নেই। কারণ রাষ্ট্রীয় ক্ষেত্রে 'শাসকবর্গ' এবং ধর্মীয় ক্ষেত্রে ফক্বীহ-মুজতাহিদের কথাই মান্য করতে হবে। তদ্রূপ শাসক যদি শরীয়ত বিরুদ্ধ কিছুর নির্দেশ করেন, তাহলে এক্ষেত্রে শাসকের আনুগত্য করা যাবেনা; বরং ফক্বীহদের নির্দেশনা মোতাবেক শরীয়তের বিধান শিরোধার্য হবে।

রাসূল সা. ইরশাদ করেন-

على المرء المسلم السمع والطاعة فيما أحب وكره الا أن يؤمر بمعصية " মুসলমান ব্যক্তির উপর অপরিহার্য হলো, পছন্দ ও অপছন্দনীয় বিষয়ে শাসকের আনুগত্য করা, যতক্ষণ না তাকে গোনাহের নির্দেশ দেওয়া হয়। যদি তাকে গোনাহের নির্দেশ দেয়া হয়, তবে কোন আনুগত্য ও ফরমাবরদারী চলবেনা।"

(রিয়াদুস সালিহীন, হা: ৬৬৮, মুত্তাফাক্ব আলাইহি)

আলোচ্য আয়াতে আল- াহ ও তাঁর রাসূলের আনুগত্যের পরেই ফক্বীহ-মুজতাহিদের আনুগত্যের উলে- খ করার দ্বারা এ নির্দেশ হচ্ছে যে, রাসূলের অবর্তমানে ফক্বীহ-মুজতাহিদের তাক্বলীদ দ্বারাই প্রকৃতভাবে আল- াহ ও তদীয় রাসূলের আনুগত্য সম্ভব। কারণ প্রত্যেকের পক্ষে শরীয়তের সুক্ষ্মাতিসুক্ষ্ম বিষয়ের সমাধান কুরআন-সুন্নাহ খুজে বের করা দু:সাধ্য ও অসম্ভব। আল- াহ বান্দার উপর দু:সাধ্য ব্যাপার চাপিয়ে দেন না। ইরশাদ হয়েছে- لايكلف الله نفسا الا وسعها (সূরা বাক্বারা, আয়াত ২৮৬)

অন্যথায় প্রত্যেককে সকল কাজ-কর্ম ত্যাগ করে কুরআন-সুন্নাহ অধ্যয়ন করতে হত। পার্থিব কাজ কর্মের চাকা অচল হয়ে জীবন যাত্রা দুর্বিসহ হয়ে পড়ত। আল- াহর ফরমান-

فلو لا نفر من كل فرقة طاءفة ليتفقهوا فى الدين ولينذروا قومهم اذا رجعوا اليهم لعلهم يحذرون " তাদের প্রতি বড় দল হতে ছোট একটি দল কেন বের হয় না, যাতে তারা (ছোট দল) দ্বীনের (বিধানাবলীর)গভীর জ্ঞান অর্জন করে এবং ভয় প্রদর্শন করে নিজ সম্প্রদায়কে যখন ফিরে আসবে তাদের নিকট। হয়ত তারা সতর্ক হয়ে যাবে। (তাওবা: আ:-১২২)

এবার আল- ামা খতীব বাগদাদীর কথা লক্ষ্য করুন:-

وأما الأحكام فضربان: أحدهما، يعلم ضرورة من حين الرسول كالصلوة الخمس والزكوة وصوم شهر رمضان والحج وتحريم الزنا وشرب الخمر وما أشبه ذالك، فهذا لا يجوز التقليد فيه: لأن الناس كلهم يشركون فى ادراكه و العلم به، فلا معنى للتقليد فيه، وضرب اخر: لا يعلم الا بالنظر والاستدلال كفروع العبادات والمعاملات والفروع والمناكحات وغير ذالك من الأحكام هذا يسوغ فيه التقليد بدليل قوله الله تعالى: (فاسءلوا أهل الذكر ان كنتم لا تعلمون)ولأنا لو منعنا التقليد فى هذه المساءل التى هى من فروع الدين لاحتاج كل أحد أن يتعلم ذالك، وفى ايجاب ذالك قطع عن المعيش وهلاك الحرث والماشية فوجب أن يسقط:

" শরীয়তের আহকাম দু'ভাগে বিভক্ত: প্রথম প্রকার, দ্বীনের অপরিহায্য অংশ হিসেবে সাধারণভাবে স্বীকৃত। যেমন- পাঁচ ওয়াক্ত নামাজ, যাকাত, রমযান, মাসের রোজা ও হজ্বের ফরজিয়্যাত এবং ব্যভিচার ও মদ্যপান ইত্যাদির অবৈধতা। এক্ষেত্রে তাক্বলীদ বৈধ নয়। কেননা প্রত্যেক ব্যক্তি এগুলো বুঝতে সক্ষম। তাই এক্ষেত্রে তাক্বলীদ অনর্থক।

অপর প্রকার: যা গভীর গবেষণা ও তত্ত্বানুসন্ধান ব্যতীত জানা যায় না। যেমন- ইবাদাত, মুআমালাত, সামাজিক ও বিয়ে-শাদি ইত্যাদির প্রশাখা মূলক মাসাঈল। এসব ক্ষেত্রে তাক্বলীদের সুযোগ রয়েছে। আল- াহ বলেন- " তোমাদের অজানা বিষয় আহলে ইলমকে জিজ্ঞেস করে জেনে নাও।"

দ্বিতীয়ত: দ্বীনের প্রশাখামূলক মাসাঈলের ক্ষেত্রে যদি আমরা তাক্বলীদ নিষিদ্ধ করে দেই, তাহলে প্রত্যেকের জন্য এটা শিক্ষা করা অপরিহার্য হয়ে পড়বে। অথচ এটাকে অত্যাবশ্যকীয় করে দেওয়া জীবন যাত্রা অচল করা এবং ক্ষেত-খামার ও জীব-জন্তু ধ্বংস করার নামান্ড়র। বিধায় এটা বর্জনীয়।

আলোচ্য আয়াতের পরবর্তী অংশ- فان تنازعتم فى شيء فردوه الى الله ورسوله ان كنتم تؤمنون بالله واليوم الأخر দ্বারা মুজতাহিদকে নির্দেশ করা হচ্ছে। বিধায় এর দ্বারা বিভ্রান্ড় হওয়ার অবকাশ নেই। (ইমাম জাসসাস রহ. এর আহকামুল কুরআন দ্রষ্টব্য)

হযরত আব্দুল- াহ বিন আমর রা. হতে বর্ণিত: তিনি বলেন-

سمعت رسول الله يقول: ان الله لا يقبض العلم انتزاعا ينتزعه من العباد، ولكن يقبض العلم بقبض العلماء حتى اذا لم يبق عالما اتخذ الناس رءوسا جهالا فسءلوا فافتوا بغير علم فضلوا وأضلوا- " আমি রাসূল সা.কে বলতে শুনেছি, আল- াহ বান্দাদের অন্ড়র হতে ইলমে ছিনিয়ে নেয়ার মাধ্যমে ইলমের বিলুপ্তি ঘটাবেন না বরং আলেমদের মৃত্যুর মাধ্যমে ইলমের বিলুপ্তি ঘটাবেন। যখন তিনি একজন আলেমকেও অবশিষ্ট রাখবেন না, তখন মানুষ অজ্ঞ-মূর্খদেরকে ধর্মীয় নেতা বানাবে। অত:পর তারা বিভিন্ন প্রশ্নের জবাবে অজ্ঞতাপ্রসূত ফতোয়া দিয়ে নিজেও গোমরাহ হবে এবং অন্যকেও বিপথগামী করবে।" (রিয়াদুস সালেহীন, হাদিস: ১৪০০, বুখারী-মুসলিম)

উক্ত হাদিস হতে আলেমদের তাক্বলীদের গুর"ত্ব প্রতীয়মান হয়। ফতোয়া দেয়া আলেমদের ধর্মীয় দায়িত্ব এবং সে অনুযায়ী আমল করা সর্বসাধারণের কর্তব্য। তাক্বলীদ কি এ থেকে ভিন্ন কিছু?

এ হাদীস হতে আরও জানা গেল যে, ইজতেহাদের যোগ্যতা সম্পন্ন ব্যক্তির অবর্তমানে পূর্ববর্তী মুজতাহিদ আলেমের রেখে যাওয়া ফাতওয়া মোতাবেক আমল করতে হবে। পক্ষান্ড়রে ইজতেহাদের যোগ্যতা বঞ্চিত স্বঘোষিত মুজতাহিদের অনুকরণ পরিহার করতে হবে।

যে সকল ভাই-বন্ধুরা তাক্বলীদকে শিরক-বিদআত আখ্যা দিয়ে সমাজের ধর্মপ্রিয় ভাইদের মনে কুরআন-সুন্নাহ সম্পর্কে বিরূপ মনোভাব সৃষ্টি করার অপপ্রয়াস চলাচ্ছেন, তারা কি একবারও ভেবে দেখেছেন তাক্বলীদের হাক্বীক্বত কী? তাক্বলীদের নির্মল উদ্দেশ্য কী?

কেউ কেউ বলেন- "আল- াহ এক, রাসূল এক, কুরআন এক" তবে মাজহাব চারটি কেন? তাদের দলিল হল- " মাযহাবের গোঁড়ামী হতে মুক্ত হয়ে কুরআন-সুন্নাহ মোতাবেক আমল করতে হবে। উম্মতকে মাযহাবের বেষ্টনীতে আটক করে শতধা বিভক্তি হতে মুক্তি পেতে হবে।"

একবার কি ভেবে দেখেছেন, উম্মত আজ চতুর্মূখী সমস্যায় জর্জরিত। দ্বীনের উপর জীবন পরিচালনা করা কঠিন হয়ে পড়েছে। ইহুদী-খৃষ্টানদের ধর্মীয় ও সাংস্কৃতিক যুদ্ধে মুসলমানদের অন্ড়রে রক্তক্ষরণ চলছে। এ মূহুর্তে বিভেদ নয় এমন বিষয়কে বিভক্তির লক্ষ স্থির করে নতুন ফেতনার দ্বার খুলে দেওয়া হচ্ছে। মাযহাব কি কুরআন-সুন্নাহ বিবর্জিত কোন কিছু? মাযহাবের মাসাঈল কি কুরআন-সুন্নাহ লঙ্গন করে সংকলিত? ইনসাফের সাথে বলুন তো- মাযহাবের কারণে কি উম্মতের বিভক্তি হয়েছে? মাযহাব পন্থীরা কি প্রতিপক্ষকে বিভ্রান্ড় ও গোমরাহ মনে করেন? না কি প্রত্যেকেই হক্ব পথে অটল রয়েছেন বলে স্বীকার করেন? নাকি আপনারই বিভেদের জন্য নতুন ফিতনার দ্বার উন্মোচন করছেন? ভালো করে স্মরণ রাখুন যে, আপনাকে একদিন মহান আল- াহর দরবারে দাঁড়াতে হবে। প্রতি বিষয় সম্পর্কে জিজ্ঞাসিত হবে। কী জবাব দিবেন তখন? কুরআন-সুন্নাহর ছাঁচে সংকলিত ফিক্বহী মাযাহিবকে উম্মতের বিভক্তির কারণ নির্ধারণ করা এবং মুজতাহিদ উলামায়ে কেরামের অনুসারীদের উপর শেরক-বিদআতের দোষ চাপিয়ে দেওয়া কি আপনাদের অমার্জনীয় অপরাধ নয়? হাদীসে রাসূলের আলোকে সঠিক সিদ্ধান্ড়ে উপনিত হোন।

রাসূল সা. ইরশাদ করেন-

لا يرمى رجل رجلا بالفسق أو الكفر الا ارتدت عليه ان لم يكن صاحبه كذالك - " কোন ব্যক্তি কাউকে ফিসক কিংবা কুফরীর অপবাদ দিলে, উক্ত ব্যক্তি এ গালির যোগ্য না হলে গালি গালিদাতার দিকে ফিরে আসে।" (রিয়াদুস সালেহীন, হা: ১৫৬৮, বুখারী)

"মুক্ত বুদ্ধি চর্চা" তথা কুরআন-সুন্নাহর মুজতাহিদ আলেমের ব্যাখ্যা গ্রহণ না করে নিজেই মূল উৎস হতে মাসাঈল বের করার দাবিদার সালাফী ভাইয়েরা। এ দাবী কতই না চমৎকার। প্রত্যেকেই মুজতাহিদ হওয়ার দাবি করার পরও কারো ইসতিনবাতকৃত মাসাঈলের মধ্যে ব্যবধান হয়না। কী অলৌকিক মিল! নাকি "মুক্ত বুদ্ধি চর্চা"র অন্ড়রালে বিশেষ মতবাদের তাক্বলীদের বেড়াজালে নিজেরাই আটকে পড়েছেন। সালাফী ভাইদের দৃষ্টিকোণে এটি কি শিরক নয়?

তাক্বলীদ পরিহারের পরিণাম:-

তাক্বলীদ পরিহারের ফলে যে সমস্যার সৃষ্টি হতে পারে, তা হলো নিম্নরূপ:-

১) কুরআন-সুন্নাহকে নিজের তাবে' করে দেওয়া। অর্থাৎ বর্ণনাগুলোকে নিজের প্রবৃত্তির অনুকূলে ব্যাখ্যা করা। যদিও এটা কুরআন-সুন্নাহর বাস্ড়ব ব্যাখ্যা না হয়ে থাকে। যার ফলে দুনিয়া ও আখেরাতে বঞ্চনার বোঝা বহন ছাড়া আর কিছুই অর্জিত হবেনা।

২) সালফে সালেহীনদের মূর্খ-বেদ্বীন জ্ঞান করা। এটা তাক্বলীদ বিরোধীদের মাঝে ব্যাপকহারে লক্ষ্য করা যায়। এমনকি শিরক-বেদআতের মত স্পর্শকাতর সিফাতে বিশেষিত করতে দ্বিধাবোধ করেন না। বিশেষত: তাক্বলীদপন্থী উম্মতে মুহাম্মাদীয়ার على صاحبها الصلوة والسلام মুকুটতুল্য উলামায়ে কিরামকে। অথচ তারা ছিলেন কুরআন-সুন্নাহর গভীর জ্ঞানী, মুত্তাকী-পরহেজগার এবং সুন্নাহর বাস্ড়ব প্রতিচ্ছবি। যাদের রেখে যাওয়া জ্ঞান-ভান্ডারের কৃতজ্ঞতা জীবনভর মহান প্রভূর দরবারে সেজদাবনত হয়ে রূহের মাগফেরাত ও দরজা বুলন্দীর দোয়া করলেও বোধ হয় ঋণ শোধ হবে না। তাদের উদাহরণ এমন ব্যক্তির ন্যায়; যে

বলে- " আমার পিতা অবৈধ সন্তান, তবে আমি বৈধ ও নিখুঁত।"

৩) কুরআন-সুন্নাহকে লা-ওয়ারিস সাব্যস্ত করা। এতদুভয়ের যাবতীয় বিষয়কে যার যেভাবে ইচ্ছা সেভাবেই ব্যাখ্যা করবে। গুনীজনের কথার কোন মূল্যায়ন নেই। মনে হয় যেন, এ ক্ষেত্রে যে কারো হস্তক্ষেপের অধিকার রয়েছে। রাসূল সা. বলেন- ان العلماء ورثة الأنبياء وان الأنبياء لم يورثوا دينارا ولا درهما، انما ورثوا العلم - " উলামায়ে কেরাম নবীগণের ওয়ারিস। নবীগণ দিনার দিরহামের ওরাসত রেখে যান না। তারা কেবল ইলমের ওয়ারিস বানান।" (রিয়াদুস সালেহীন, হাদিস: ১৩৯৬, আবু দাউদ, তিরমিযী)

৪) নিজের স্বপক্ষের দলীলকে সহীহ বলে মনে করা এবং প্রতিপক্ষের দলীলকে যয়ীফ, মুনকার, শায বলে উড়িয়ে দেয়া। যদিও সহীহ কিংবা আমলযোগ্য যয়ীফ হোক না কেন। মনে হয়, ওহীর মাধ্যমে জানতে পারেন যে, " তোমরা যে দলীল গ্রহণ করেছো, তাই নির্ভূল ও অভ্রান্ত; অন্যগুলো অসত্য ও ভ্রান্ত।" কিংবা নবী সা. যেন সরাসরি সাক্ষ্য দেন যে, " আমি এরূপ কখনো বলিনি।" তাই বিপক্ষের দলীলকে ভ্রান্ত অসত্য স্বীকৃতি দেয়ার পূর্বে ভেবে দেখার দরকার যে, একথা বলার পর যদি ঈমান নিয়েই টানাপোড়েন সৃষ্টি হয়।

৫) কুরআন-সুন্নাহ সম্পর্কে জাহিলদের মনে সন্দেহ সংশয়ের বাসা বাঁধা। তাক্বলীদ বিরোধী ভাইদের বক্তব্য শুনে অনায়াসে যে কারো মনে উদয় হতে পারে যে, ওরা বলে এটা সঠিক, তাক্বলীদ করা ভুল। তাক্বলীদপন্থীরাও বলে, তাক্বলীদই সঠিক ও তাক্বলীদ পরিহার ভুল। তাহলে তো দেখি, এ শরীয়তের কোন ভিত্তি নেই। মূর্খের কিই-বা যোগ্যতা আছে, কুরআন-সুন্নাহ তলিয়ে সঠিক-অঠিক বের করার। এটা কি এক আস্থাশীল ঈমানদারের ঈমান নিয়ে ছিনিমিনি খেলা নয়?

৫) সুন্নাহের স্বকীয়তা বিনষ্ট করা। স্বার্থান্ধ হয়ে "বেদআতে উমরী" ও "বেদআতে উসমানী" ইত্যাদি নিলর্জ্জ শব্দ ক্ষেত্র বিশেষে ব্যবহার করা। বেদআতের উদ্ভাবক ও সমর্থক একই অপরাধে অভিযুক্ত। বেদআতীকে সম্মান প্রদর্শন করা ও তাঁর কথা মান্য করা গোনাহের কাজ।

আচ্ছা বলুন তো, আপনাদের দৃষ্টিতে বেদআতির হাদিস কি সহীহ হিসেবে পরিগণিত। বেদআতী যে সত্য বলছে, তা তো আপনার জানা নেই, না সরেজমিনে উপস্থিত ছিলেন। যে ব্যক্তি নবীর রেখে যাওয়া দ্বীনে বর্ধিত করতে পারে, সে কি বানিয়ে কথা বলতে পারঙ্গম নয়, এর কি বিশ্বাস আছে। কি বুঝাতে চাচ্ছি, বাক্যগুলোর মধ্যে একটু চিন্তা করলে আশা করি অনায়াসে বুঝতে পারবেন। কোথায় আপনার গন্তব্য? বীরদর্পে কোন দিকে পা বাড়াচ্ছেন? কীসে ঔদ্ধত্য করতে প্ররোচিত করলো?

হাবীবে খোদা সা. বলেন- আল- াহ তা'য়ালা বলেছেন- من عادى لى وليا فقداذنته بالحرب - " যে আমার কোন প্রিয় বান্দার সাথে বৈরিতা পোষণ করল, আমি তার সাথে যুদ্ধ ঘোষণা করছি।" (রিয়াদুস সালেহীন, হাদীস: ৩৯১, বুখারী)

আল- াহর সাথে যুদ্ধের বল আপনার আছে কি? এখনো কি সুমতি ফিরবে না? আর কতকাল ভ্রান্তির স্রোতে খড়-কুটার মত ভেসে চলবে? ঐ যে জাহান্নামের লেলিহান আগুন দাউ দাউ করছে। কতইনা যন্ত্রনাদায়ক শাস্তি জাহান্নামীদের জন্য প্রস্তুত রয়েছে। এ আযাব সহ্য করার শক্তি আছে? কী মনে করেন?

ওহে সত্যসন্ধানী বন্ধু! কুরআন-সুন্নাহকে সঠিকভাবে অনুসরণ করতে তাক্বলীদের বিকল্প নেই। এটা নিছক ধারণা নয়; বাস্তবতাও তাই। শরীয়তের জটিল বিষয় নিজ হতে সমাধান না করে হক্কানী উলামায়ে কেরামের শরণাপন্ন হোন। কোন বিভ্রান্তিকারীর ফাঁদে আটকা পড়লে যোগ্য আলেমের নিকট গিয়ে সত্য যাচাই করুন। নিজেও হক্ব পথে অটল থাকতে এবং অন্যকে হক্ব পথ দেখাতে সচেষ্ট হোন।

হে আল- াহ! আমাদেরকে সরল পথে পরিচালিত করো এবং সরল পথ প্রদর্শনের পর অন্তরকে বক্র করে দিয়ো না। আমীন।

ফিরে দেখা

নিরব কেন মুসলমান!

জাকওয়ানুল হক চৌধুরী

আমরা মুসলমান! মোদের পূঁজি কুরআন। চলার পথের বাধা ভেঙ্গে করি অবসান। মোদের একটাই শে- াগান, চাই ইসলামের সম্মান, মানি না তার অপমান।

প্রতিটি কাজে প্রথমে সূত্রপাত ঘটাতে হয়। তার পর উহা হয় উজ্জ্বল-জ্যোতির্ময়। ইসলামের শত্রুরা যখন ইসলামের বিরুদ্ধে কটাক্ষ্য শুরু করে দিল, তখন সত্যের ডাক দিয়ে ছিলেন, আল- ামা আহমদ শফি দা:বা:। আর একটি সংঘটন তৈরী করেছিলেন, যার নাম "হেফাজতে ইসলাম"। হেফাজতে ইসলাম এমন এক অরাজনৈতিক ভূবন কাঁপানো সংঘটন যে সংঘটনে চুল-চেরা খোঁজা-খোজির পরও বর্তমানে প্রচলিত নিকৃষ্ঠ রাজনীতির কিঞ্চিত পরিমাণও পাওয়া যাবেনা। এ সংঘটন যত বড় সমাবেশ করেছে সব রাজনৈতিক দলও এভাবে করে দেখাতে পারেনি।

মুসলমান! তোমরা তরুন বিপ- বী পয়লোয়ান; তোমরা সত্যই মুসলমান। বাংলার কোন প্রান্ত থেকে যখন "আল- াহু আকবার" বলে শে- াগান দেওয়া হল, সাথে সথে রাজপথে নেমেছিলে। তোমরা তরুণ-যুবক ও

ইসলামপ্রেমী, ধর্মপ্রেমী তোমরা তোমাদের জীবনকে উৎসর্গ করে দিতে সর্বদা প্রস্তুত। হেফাজতে ইসলামের আমীর এমন এক আকাশচুম্বি নেতা যাঁর হুকুমের অপেক্ষায় রয়েছে সর্বস্তরের মুসলমান; যারা করতে চায় তাদের জান কুরবান। অপেক্ষায় রয়েছেন বাবা-মা তার সন্তানকে নিয়ে, স্ত্রী তার স্বামীকে নিয়ে, বোন তার ভাই কে নিয়ে, কখন জানি আমীর সাহেব আদেশ দেবেন, আর রাজপথে নেমে যাবে, বাবা তার সন্তান কে নামিয়ে দিবে, নামিয়ে দিবেন স্ত্রী তার স্বামীকে, বোন তার ভাইকে, আপনজন তার আপনজনকে।

বাংলার মুসলমানরা যে ইসলামের জন্য জান-প্রান বিসর্জন করতে সর্বদা প্রস্তুত তার বাস্তব প্রমাণ ৫ই মে। কত তাজা প্রাণ যে সেই কালো রাতে পরকালে পাড়ি জমিয়েছে তার কোন গণনা নেই।

কিন্তু আজ পর্যন্ত কোন বাবা-মা, কোন বোন, কোন আপনজন তার আপন জনকে হারিয়ে অভিযোগ করতে যায়নি; চায়নি কেন শহীদ হল ওরা তার কারণ জানতে; বরং এর উল্টো পাওয়া গেছে কেউ ভাইকে হারিয়ে, কেউ তার বাবা কে হারিয়ে আবার কেহ তার সন্তানকে হারিয়ে গর্ব করছে।

"আমি শহিদের বাবা" বলে বুক ফুলিয়ে সমাজের কাছে বলে বেড়াচ্ছে।

আমি শহিদ আনওয়ার জাহিদের জানাযায় গেলাম, তার বাবা জানাযা সংঘটিত হওয়ার আগে বলেছেন- " আমি গর্বিত আমার ছেলে শহিদ হয়েছে। আমি কখনও ভাবিনি আমার ঘরে এরকম একটি ফুল ফুটবে বলে।"

এভাবে শুধু এক আনওয়ার জাহিদের বাবা নয়; শত বাবা তার আদরের মানিককে হারিয়ে গর্ব করছে।

